সংগ্রাম

তারিখঃ১৩/১২/২০২৫ পৃষ্ঠাঃ ১১

# ব্রি বিজ্ঞানী সমিতির নির্বাচনে সভাপতি ড. মো. ইব্রাহিম সাধারণ সম্পাদক ড. মুহাম্মদ হাবিবুর রহমান মুকুল

■ স্টাফ রিপোর্টার, গাজীপুর

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) বিজ্ঞানী সমিতির (ব্রিসা) কার্যনির্বাহী পরিষদ নির্বাচন ২০২৬-২৭ প্রাণবন্ত ও শান্তিপূর্ণ পরিবেশে বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়েছে। তিন ঘণ্টার নিরবচ্ছিন্ন ভোটগ্রহণ সম্পন্ন হয় সকাল ১০টা থেকে দুপুর ১টা পর্যন্ত। গণনা শেষে ফলাফল ঘোষণা করা হলে সভাপতি পদে রাইস ফার্মিং সিস্টেমস্ বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. মো. ইব্রাহিম এবং সাধারণ সম্পাদক পদে ফলিত গবেষণা বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মুহাম্মদ হাবিবুর রহমান মুকুল নির্বাচিত হন।

নির্বাচনে সহ-সভাপতি হয়েছেন কীটতত্ত্ব বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. এবিএম আনোয়ার উদ্দিন (মাছুম)। সহ-সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন কৌলি সম্পদ ও বীজ বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোহাম্মদ জাহিদুল ইসলাম। কোষাধ্যক্ষ পদে বিজয়ী হয়েছেন রাইস ফার্মিং সিস্টেমস্ বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. হারুন-অর-রশিদ।

সমাজ কল্যাণ সম্পাদক নির্বাচিত হয়েছেন হাইব্রিড রাইস বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. আফসানা আনছারী এবং প্রচার ও প্রকাশনা সম্পাদক নির্বাচিত হয়েছেন উদ্ভিদ প্রজনন বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মুহাম্মদ রফিকুল ইসলাম। দপ্তর সম্পাদক পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন ফলিত গবেষণা বিভাগের বৈজ্ঞানিক কর্মকর্তা মো. সাঈদ হোসেন।

কার্যকরী সদস্য (প্রধান কার্যালয়) পদে নির্বাচিত হয়েছেন হাইব্রিড রাইস বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. আনোয়ারা আক্তার, উদ্ভিদ প্রজনন বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. খোন্দকার মো. ইফতেখারুদ্দৌলা, সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. এবিএম জাহিদ হোসেন, উদ্ভিদ প্রজনন বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. রুহুল আমিন সরকার, মৃত্তিকা বিজ্ঞান বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. এ.টি.এম. সাখাওয়াত হোসেন।

কার্যকরী সদস্য (আঞ্চলিক কার্যালয়) পদে নির্বাচিত হয়েছেন কুমিল্লা আঞ্চলিক কার্যালয়ের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. মোহাম্মদ এখলাছুর রহমান, কুষ্টিয়া আঞ্চলিক কার্যালয়ের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. মাহবুবুর রহমান দেওয়ান।

নির্বাচন পরিচালনা করেন প্রধান নির্বাচন কমিশনার খামার যন্ত্রপাতি ও রক্ষণাবেক্ষণ বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. মো. দুররুল হুদা। কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন প্রশিক্ষণ বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. মো. শাহাদাত হোসেন এবং ফলিত গবেষণা বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. শামছুন্নাহার।

ব্রি বিজ্ঞানী সমাজে নতুন এই নেতৃত্ব আগামী দুই বছর প্রতিষ্ঠানটির গবেষণা, উদ্ভাবন, বিজ্ঞানীদের কল্যাণ এবং পেশাগত উন্নয়নে নতুন দিক উন্মোচন করবে বলে প্রত্যাশা ব্যক্ত করা হয়েছে।

দায়িত্বশীলদের দৈনিক
দেশ রূপান্তর
তারিখঃ১৩/১২/২০২৫ পৃষ্ঠাঃ ০৩

## ব্রি বিজ্ঞানী সমিতির নির্বাচন

# সভাপতি ইব্রাহিম সম্পাদক মুকুল

গাজীপুর প্রতিনিধি

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) বিজ্ঞানী সমিতির (ব্রিসা) কার্যনির্বাহী পরিষদ নির্বাচন ২০২৬-২৭ গত বৃহস্পতিবার অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনে রাইস ফার্মিং সিস্টেমস বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. মো. ইব্রাহিম সভাপতি এবং ফলিত গবেষণা বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মুহাম্মদ হাবিবুর রহমান মুকুল সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

নির্বাচিত অন্য কর্মকর্তারা হলেন সহসভাপতি কীটতত্ত্ব বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. এবিএম আনোয়ার উদ্দিন (মাছুম), সহ-সাধারণ সম্পাদক কৌলি সম্পদ ও বীজ বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোহাম্মদ জাহিদুল ইসলাম, কোষাধ্যক্ষ রাইস ফার্মিং সিস্টেমস বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. হারুন-অর-রশিদ, সমাজকল্যাণ সম্পাদক হাইব্রিড রাইস বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. আফসানা আনছারী, প্রচার ও প্রকাশনা সম্পাদক পদে উদ্ভিদ প্রজনন বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মুহাম্মদ রফিকুল ইসলাম নির্বাচিত হয়েছেন। দপ্তর সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন (বিনা প্রতিদ্বন্দ্বিতায়) ফলিত গবেষণা বিভাগের বৈজ্ঞানিক কর্মকর্তা মো. সাঈদ হোসেন। কার্যকরী সদস্যপদে (প্রধান কার্যালয়) নির্বাচিত হয়েছেন হাইব্রিড রাইস বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. আনোয়ারা আক্তার, উদ্ভিদ প্রজনন বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. খোন্দকার মো. ইফতেখারুদ্দৌলা, সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. এবিএম জাহিদ হোসেন, উদ্ভিদ প্রজনন বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. রুহুল আমিন সরকার, মৃত্তিকা বিজ্ঞান বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. এ টি এম সাখাওয়াত হোসেন।

দেশ রূপান্তর

NEW AGE

# BRRI Scientists' Association elections held

**Staff Correspondent**

THE executive council election of Bangladesh Rice Research Institute Scientists' Association was held at the BRRI Auditorium in Gazipur on Thursday.

Chief scientific officer and head of rice farming systems department Md Ibrahim has been elected as president and senior scientific officer of applied research department Muhammad Habibur Rahman Mukul elected as general secretary in the election, said a press release.

ABM Anwar Uddin has been elected as vice-president, Mohammad Zahidul Islam as assistant general secretary, Md Harun-or-Rashid as treasurer, Afsana Ansari as social welfare secretary, Muhammad Rafiqul Islam as publicity and publication secretary and Md Saeed Hossain as office secretary in the election.

Anwara Akhter, Khondaker Md Iftekharuddaula, ABM Zahid Hossain, Md Ruhul Amin Sarkar and ATM Sakhawat Hossain have been elected as executive members for central office.

Mohammad Ekhlasur Rahman and Md Mahbubur Rahman Dewan have been elected as executive members for regional office.